

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
প্রশাসন ১ শাখা
www.mopa.gov.bd

মহাপরিচালকের দপ্তর, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর		
ডায়েরি নম্বর:	তারিখ: ৩০/৩/১৬	
পরিচালক	প্রশাসন/জরিপ/রেকর্ড	জরুরি ব্যবস্থা নিদ
উপপরিচালক	প্রশাসন/অর্থ ও বাজেট/ জরিপ/সে: সপা: ১/১	উপস্থাপন করণ মন্তব্যসহ উপস্থাপন করণ আলোচনা করণ
পিএ.ই. ডিভি		
মহাপরিচালকের স্বাক্ষর		

নং- ০৫.০০.০০০০.০০০.১১০.৯৯.০০০৯.২৬.৩৬৭

তারিখ: ১৫ চৈত্র ১৪৩২
২৯ মার্চ ২০২৬

বিষয়ঃ সরকারি কর্মকর্তা/কর্মচারীগণের সকাল ৯:০০টা থেকে ৯:৪০ মিনিট পর্যন্ত নিজ অফিস কক্ষে আবশ্যিকভাবে অবস্থান, বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয় এবং অফিস কক্ষ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

সূত্র: ১। ০৪.০০.০০০০.০০০.৫১৩.১৮.০০০১.২৬.৭০, তারিখ: ০২ মার্চ ২০২৬ খ্রি.

২। ০৪.০০.০০০০.০০০.৪১৬.৯৯.০০০৬.২৫.১২৩, তারিখ: ০৫ মার্চ ২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রদ্বয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ইতঃপূর্বে মন্ত্রিপরিষদ বিভাগ হতে সরকারি কর্মকর্তা/কর্মচারীগণের ৯:০০টা থেকে ৯:৪০ মিনিট পর্যন্ত নিজ অফিস কক্ষে আবশ্যিকভাবে অবস্থান এবং বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়সহ দায়িত্বশীল আচরণ নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার লক্ষ্যে নির্দেশনা প্রদান করা হয়। প্রদত্ত নির্দেশনাসমূহ প্রতিপালন অত্যন্ত গুরুত্বপূর্ণ হলেও এর ব্যত্যয় পরিলক্ষিত হচ্ছে। এমতাবস্থায়, মন্ত্রিপরিষদ বিভাগের সূত্রোক্ত পত্রদ্বয় অনুসরণপূর্বক নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ প্রতিপালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- প্রতিদিন সকাল ৯:০০টা থেকে ৯:৪০ মিনিট পর্যন্ত নিজ অফিস কক্ষে আবশ্যিকভাবে অবস্থান করতে হবে। দাপ্তরিক কর্মসূচি প্রণয়নের ক্ষেত্রেও উক্ত সময়সীমা যাতে বিঘ্নিত না হয়, সে বিষয়ে সতর্ক থাকতে হবে;
- দিনের বেলায় পর্যাপ্ত প্রাকৃতিক আলো থাকলে বৈদ্যুতিক বাতি ব্যবহারে সাশ্রয়ী হতে হবে এবং জানালা ও দরজা কিংবা ব্লাইন্ড খোলা রেখে প্রাকৃতিক আলো ব্যবহার করতে হবে;
- অফিস চলাকালীন শুধুমাত্র প্রয়োজনীয় সংখ্যক লাইট, ফ্যান, এয়ার কন্ডিশনার ও অন্যান্য বৈদ্যুতিক যন্ত্রপাতি ব্যবহার করতে হবে;
- এয়ার কন্ডিশনার ব্যবহারের ক্ষেত্রে তাপমাত্রা ২৫ ডিগ্রি সেলসিয়াস বা তার উপরে রাখতে হবে;
- অফিস কক্ষ ত্যাগ করার সময় কক্ষের বাতি, ফ্যান, এয়ার কন্ডিশনারসহ সকল বৈদ্যুতিক সরঞ্জাম বন্ধ করতে হবে;
- অফিসের করিডোর, সিঁড়ি, ওয়াশরুম ইত্যাদি স্থানে অপ্রয়োজনীয় বাতি ব্যবহার বন্ধ করতে হবে;
- অফিস সময় শেষ হওয়ার পর সকল বৈদ্যুতিক যন্ত্রপাতি (লাইট, ফ্যান, কম্পিউটার, প্রিন্টার, স্ক্যানার, এয়ার কন্ডিশনার ইত্যাদি) বন্ধ নিশ্চিত করতে হবে;
- সরকারি নির্দেশনা ব্যতিরেকে আলোকসজ্জা পরিহার করতে হবে;
- জ্বালানি ব্যবহারে সাশ্রয়ী হতে হবে;
- অফিস কক্ষ, করিডোর, টয়লেট, সিঁড়ি, সিঁড়ির হাতল ইত্যাদি নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে এবং
- উক্ত নির্দেশনা প্রতিপালন/মনিটরিং এর জন্য সকল দপ্তর/সংস্থা/কার্যালয়কে ভিজিট্যান্স টিম গঠন করতে হবে।

শরিফুল ইসলাম
উপসচিব
৫৫১০০২১৮

adminint@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর
ভূমি ভবন
তেজগাঁও, ঢাকা-১২০৮।
সংস্থাপন- ১ শাখা
www.dlrs.gov.bd

স্মারক নম্বর: ৩১.০৩.০০০০.০০২.৯৯.০৩০.২৩-২২২/১(১০) তারিখ: ১৫ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
৩০ মার্চ ২০২৬ খ্রিষ্টাব্দ

জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশাসন-১ শাখার ২৯ মার্চ ২০২৬খ্রি. তারিখের ০৫.০০.০০০০.০০০.১১০.৯৯.০০০৯.
২৬.৩৬৭ নং স্মারকে সরকারী কর্মকর্তা/ কর্মচারীগণের সকাল ৯:০০ টা থেকে ৯:৪০ মিনিট পর্যন্ত নিজ অফিস কক্ষে
আবশ্যিকভাবে অবস্থান, বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয় এবং অফিস কক্ষ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা
গ্রহণ বিষয়ে ১১ টি নির্দেশনা উল্লেখপূর্বক প্রাপ্ত পত্রের নির্দেশনাবলী যথাযথভাবে পালনের নিমিত্ত বিবেচ্য পত্রের
ছায়ালিপি প্রেরণ করা হলো:

- ১। পরিচালক (প্রশাসন)/(ভূমি রেকর্ড)/(জরিপ), ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর।
- ২। প্রকল্প পরিচালক, ডিজিটাল জরিপ পরিচালনা ও সক্ষমতা বৃদ্ধিকরণ প্রকল্প / EDLMS প্রকল্প, ভূমি রেকর্ড ও
জরিপ অধিদপ্তর।
- ৩। উপপরিচালক (অর্থ ও বাজেট)/(জরিপ)/(সেঃঅপাঃ-১/২), ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর।
- ৪। জোনাল সেটেলমেন্ট অফিসার (সকল)-----/সেটেলমেন্ট অফিসার,
দিয়ারা অপারেশন, ঢাকা।
- ৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। প্রেস অফিসার, সেটেলমেন্ট প্রেস, তেজগাঁও, ঢাকা।
- ৭। শাখা প্রধান (সকল)-----।
- ৮। পিএট্ট মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
- ৯। আইসিটি শাখা, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর (ওয়েবসাইট প্রকাশের জন্য)।
- ১০। অফিস কপি/মাষ্টার কপি।


মোঃ লিয়াকত আলী
উপপরিচালক (প্রশাসন)
ফোন নং- ৪১০২৪৬১২
ইমেইল: dda@dlrs.gov.bd